

কর প্রস্তুতকারক সম্পর্কিত উপভোক্তা অধিকার বিল

* কর প্রস্তুতি পরিষেবা সম্পর্কে যে কোনও আলোচনার আগে কর প্রস্তুতকারকের প্রত্যেক উপভোক্তাকে এই দস্তাবেজের একটি সাম্প্রতিক এবং বৈধ প্রতিলিপি বিনামূল্যে দেওয়া আইনসংগতভাবে প্রয়োজন।

আপনি যদি কোনও কর প্রস্তুতকারী ভাড়া করেন তাহলে আপনার এগুলি জানবার অধিকার আছে :

- ব্যক্তিগত কর প্রস্তুতকারকের যোগ্যতা। কর প্রস্তুতকারকের যোগ্যতার সনদ অবশ্যই অফিসে প্রদর্শিত থাকতে হবে, এবং প্রস্তুতকারকের সেই সমস্ত রেকর্ড নিয়মিতভাবে বজায় রাখতে হবে যেখানে দেখানো থাকবে যে প্রস্তুত কারক একজন অ্যাকাউন্ট্যান্ট অথবা অ্যাটর্নী কিনা, সহ, সমস্ত যোগ্যতাগুলি সত্য।
- ন্যূনতম চার্জস এবং কোন অতিরিক্ত চার্জস সহ, ফীসগুলি কিভাবে গণনা করা হয়। আপনাকে অবশ্যই একটি বিবরণ দিতে হবে যেখানে প্রতিটি কর রিটার্নের চার্জ লেখা থাকবে। সেই বছরের মধ্যে কর প্রস্তুতকারকের সঙ্গে কোথায় যোগাযোগ করা যাবে তার ঠিকানা আর কোন নম্বরের একটি তালিকা অবশ্যই দিতে হবে।
- কর প্রস্তুতকারক কোন গভর্নমেন্ট অডিটে কর দাতার প্রতিনিধিত্ব করবেন কি না। এই ঘোষণাটি করতে অসমর্থ হলে তার অর্থ দাঁড়াবে যে কর প্রস্তুতকারক করদাতার প্রতিনিধিত্ব করতে অথবা প্রতিনিধিত্ব প্রদান করতে রাজী।

ফেরত অনুমান ঋণ বা রিফান্ড অ্যান্টিসিপেশন লোন (RAL) সম্পর্কিত সূচনা

- একটি রিফান্ড অ্যান্টিসিপেশন লোন কোন কর ফেরত নয়, বরং আসলে এটি একটি আনুমানিক কর ফেরতের ওপর একটি চড়া-সুদের লোন।
- যে কোন RAL-এর জন্য বিজ্ঞাপণে পরিষ্কারভাবে অবশ্যই বিবৃত করতে হবে যে এটি একটি লোন, এবং ঋণ প্রদানকারী এর জন্য কোন ফী বা সুদ নেবে, এবং এটি অবশ্যই ঋণ প্রদানকারীকে চিহ্নিত করবে।
- কোন করদাতা যদি ইংরাজী বা স্প্যানিশ বুঝতে না পাবেন, তাহলে কর প্রস্তুতকারককে করদাতা বুঝতে পারেন এমন ভাষায় RAL সম্পর্কে মৌখিক ভাবে ব্যাখ্যা অবশ্যই করে দিতে হবে।
- অর্জিত আয় কর জমা বা আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট (EITC) ফেরতের জন্য যোগ্য উপভোক্তা এবং অন্যান্য করদাতাগণের রিফান্ডের দ্রুত ব্যবস্থা এবং RAL ব্যবহার এড়াতে ইলেকট্রনিক এবং অন্যান্য ফাইলিং বিধিগুলি সম্পর্কে কর প্রস্তুতকারকদের জিজ্ঞাসা করা উচিত।

কোন RALএ প্রবেশ করার আগে, কর প্রস্তুতকারককে ইংরাজী অথবা স্প্যানিশে অবশ্যই লিখিতভাবে ঘোষণা করতে হবে :

- যে করদাতার কোন RAL নেবার প্রয়োজন নেই;
- কোন উপভোক্তা কোন RAL না নিয়েই রিফান্ডের মোট রাশি পাবার জন্য উপযুক্ত;
- এ ধরনে কোন লোন নেবার জন্য কত ফীস দিতে হবে;
- করদাতা আনুমানিক কতটা লোন পেতে পারেন;
- লোনটি কত সময় পর্যন্ত বকেয়া থাকবে তার ওপর ভিত্তি করে লোনটির পরিশোধের জন্য আনুমানিক বার্ষিক শতাংশ।
- কোন কর দাতা কোন লোন নিলে সেই লোন রাশি পাওয়ার আনুমানিক তারিখ অথবা যে কর দাতা কোন RAL নেননি তিনি আনুমানিক কোন তারিখের মধ্যে তার কর রিফান্ড পেতে পারেন তার বর্ণনা।

আপনি নিম্নলিখিত গুলির জন্যও উপযুক্ত :

- কর প্রস্তুতকারীর কাছে দায়বদ্ধ হবার আগে, একটি বিবৃতি পাবার, যেখানে বলা থাকবে প্রস্তুতকারীর কর প্রস্তুতকরণ পরিষেবা সম্পর্কে; কর প্রস্তুতকারক দ্বারা অফারকৃত প্রতিটি পরিষেবার আনুমানিক মোট খরচ; কর প্রস্তুতকারক দ্বারা অফারকৃত কোন রিফান্ড অ্যান্টিসিপেশন লোন অথবা অন্য লোন পরিষেবার আনুমানিক সুদের হার; এবং প্রস্তুতকারক দ্বারা অফারকৃত কর রিফান্ড পরিষেবা অথবা প্রতিটি রিফান্ডের জন্য একটি ট্যাক্স রিফান্ডের ক্ষেত্রে আপনাকে যুক্তিসংগতভাবে কতদিন অপেক্ষা করতে হতে পারে তার একটি অনুমান।
- অনুরোধ সাপেক্ষে সমস্ত ব্যক্তিগত কাগজপত্র পাবার, যখন মূল কর রিটার্নটি করদাতাকে ফাইল করণের জন্য দেওয়া হয় (যদি না স্টেট আইন বলে কর প্রস্তুতকারককে সেই সব কাগজপত্র রেখে দেবার বিশেষ অনুমতি না দেওয়া থাকে)
- করদাতাকে ফাইল করার সময়ে দেওয়া মূলটি দেওয়া হলে, প্রস্তুত করা প্রতিটি কর রিটার্নের একটি করে প্রতিলিপি পাবার।
- প্রতিটি কর রিটার্নে কর প্রস্তুত কারকের স্বাক্ষর পাবার।

(পিছনের পাতায় শেবাংশ)



Michael R. Bloomberg
Mayor

Department of
Consumer Affairs

Jonathan Mintz
Commissioner

কর প্রস্তুতকারকের পক্ষে এগুলি করা বেআইনি...

- কোন খালি অথবা অসম্পূর্ণ কর রিটার্নে করদাতাকে স্বাক্ষর করতে বলা।
- তার যোগ্যতা সম্পর্কে ভ্রান্ত ধারণা দেওয়া।
- কোন করদাতা, অথবা তাঁর অনুমোদিত ব্যক্তি ছাড়া অন্য কোনও ব্যক্তি অথবা ব্যবসায় প্রতিষ্ঠানকে, কোন কর রিটার্ন সম্পর্কে, অথবা তাতে উল্লেখিত কোন তথ্য সূচনা প্রকাশ করা।
- করদাতাকে কোন সরকারী আইন, কানুন অথবা নিয়ম ভাঙতে প্ররোচিত অথবা প্ররোচিত করার চেষ্টা করা।
- সমস্ত কার্যসময়ের মধ্যে প্রতিটি কর প্রস্তুতকরণ স্থানে অন্তত একজন স্বীকৃত পাবলিক অ্যাকাউন্ট্যান্ট অথবা পাবলিক অ্যাকাউন্ট্যান্টের উপস্থিতি, এবং স্থানগুলিতে প্রস্তুতকরা সমস্ত কর রিটার্নগুলিকে নিয়ন্ত্রণ ছাড়া কোনও বিজ্ঞাপণে “অ্যাকাউন্ট্যান্ট” শব্দটি ব্যবহার করা।
- কোনও বিজ্ঞাপণে কোন বিশেষ দক্ষতা বা বিশেষজ্ঞতা বিবৃত করে কোন বাক্য বা শব্দ ব্যবহার করা, যদি না কর প্রস্তুত কারকের সেই সম্পর্কিত কোন শিক্ষা বা অভিজ্ঞতা সেই বিজ্ঞাপনে ঘোষিত থাকে।
- করদাতার লিখিত অনুমতি ছাড়া, করদাতার স্বাক্ষর করার পর কর রিটার্নকে পরিবর্তন করা।
- কর পাওনা অথবা রিফান্ড বকেয়া রাশির ওপর ভিত্তি করে কোন ফী ধার্য করা।
- কোন কর রিফান্ডের গ্যারান্টি দেওয়া অথবা কোনও সরকারী কর এজেন্সী দ্বারা করদাতাকে অডিট করা হবে না বলে গ্যারান্টি দেওয়া।
- বকেয়া রিফান্ডের যে কোনও অংশের জন্য প্রস্তুতকারককে নিযুক্তির জন্য করদাতাকে অনুরোধ করা।
- কর প্রস্তুতকারকের ঠিকানাকে রিফাল্ডটিকে ডাকযোগে পাঠানোর জায়গা হিসাবে ব্যবহার করা, যদি না করদাতা এ ধরনের অনুমোদন সহ একটি পাওয়ার অফ অ্যাটনিতে স্বাক্ষর করে না থাকেন।
- করদাতাকে “সঙ্গে সঙ্গে কর রিফাল্ড” পাওয়ানোর দাবী করা যা আসলে একটি সুদসহ লোন যদি না সেই সত্যতাকে ফেডারাল এবং রাজ্য আইন অনুসারে করদাতাকে জানানো হয়ে থাকে।

কোন অভিযোগ দায়ের করতে অথবা আরও তথ্য সূচনার জন্য

